

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমবায় অফিস  
ইটনা, কিশোরগঞ্জ।

“বঙ্গবন্ধুর দর্শন  
সমবায়ের উন্নয়ন”

আদেশ নম্বর- ৪৭.৬১.৪৮৩৩.০০০.০৪.০২৫.১৪- ৬৮

তারিখ- ১৫/০৩/২০২৩ খ্রিঃ

অফিস আদেশ

সমবায় অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উত্তাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অর্থ বছরের আওতায় সকল অধঃস্তন দপ্তর/সংস্থার জন্য একটি সেবা সহজীকরণ আইডিয়া বাস্তবায়নের নিমিত্তে সেবা চূড়ান্ত করণের লক্ষ্যে বিগত ০১/০২/২০২৩ খ্রিঃ তারিখে সমবায় অধিদপ্তর, ঢাকায় অনুষ্ঠিত কর্মশালার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে জেলা এবং উপজেলা কার্যালয়সমূহের জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারা মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” বিষয়টি নির্বাচন করতঃ উক্ত “সেবা সহজীকরণ” এর ধাপসমূহ নিম্নরূপ নির্ধারন করা হলো।

প্রস্তাবিত ধাপসমূহ

১. অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্যাট পূরণ।
২. পুরণকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইলে প্রেরণ।
৩. উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরীভুক্তকরণ নথিতে উপস্থাপন।
৪. সমিতির শেয়ার মূলধন ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার উর্ধ্বে জেলা সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর পূর্বক জেলায় প্রেরণ। সমিতির শেয়ার মূলধন ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা বা কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন এবং আদেশ প্রদান করবে।

২। এ অবস্থায় সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ১৮(৫) ধারা মোতাবেক প্রাথমিক সমবায় সমিতির “অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন” এর ক্ষেত্রে বিদ্যমান ধাপসমূহের ক্ষেত্রে উল্লিখিত ধাপসমূহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

০৫।

(মাহফুজুল আমিন)

উপজেলা সমবায় অফিসার

ইটনা, কিশোরগঞ্জ।

ফোন নং-০২৯৯৭৭৬৩৭১৭

ই-মেইল- [uco.itna@gmail.com](mailto:uco.itna@gmail.com)

১। সভাপতি/সম্পাদক, ..... সমবায় সমিতি লিঃ (সকল), ইটনা, কিশোরগঞ্জ।

স্মারক নং- ৪৭.৬১.৪৮৩৩.০০০.০২.০২২.০৩- ৬৮/১(১)

তারিখ- ১৫/০৩/২০২৩ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ।

২। অফিস নথি।

০৫/০৩/২৩

(মাহফুজুল আমিন)

উপজেলা সমবায় অফিসার

ইটনা, কিশোরগঞ্জ।